গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
রক্ষণাবেক্ষণ অধিশাখা
www.rthd.gov.bd

**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ও অধীনস্ত দপ্তর/সংস্থার NIS কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ এর তৃতীয় প্রান্তিক (জানুয়ারি-মার্চ, ২০২০) এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ নজরুল ইসলাম<br>সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| তারিখ | : | ০৮ মার্চ, ২০২০ |
| সময় | : | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | : | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে এ বিভাগের NIS সহযোগী কর্মকর্তা ২০১৯-২০২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির দ্বিতীয় ত্রৈমাসিক প্রতিবেদন পর্যায়ক্রমে Power Point এর মাধ্যমে উপস্থাপন করেন।

২.০ সভায় গত ১১/১২/২০১৯ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতিও উপস্থাপন করা হয়। সভায় সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ও অধীনস্ত দপ্তর/সংস্থার NIS কর্ম-পরিকল্পনাভুক্ত দ্বিতীয় প্রান্তিকের উল্লেখযোগ্য কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। যেসব ক্ষেত্রে লক্ষ্যমাত্রা অর্জনে এখানো পিছিয়ে আছে সেসকল লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে শেষ করার বিষয়ে আলোচনা হয়। ওয়েবসাইটসমূহ হালনাগাদকরণ, এডিপি বাস্তবায়ন, প্রকল্প পরিদর্শন পরিবীক্ষণ এবং শাখা পরিদর্শন কার্যক্রমসমূহ নির্ধারিত সময়ে বাস্তবায়নে সভা বিশেষ গুরুত্বারোপ করে।

৩.০ সভায় সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার ৩.২ ক্রমিকের 'Highway Act (সংশোধন) ভেটিংয়ের জন্য লেজিসলেটিভ ও সংসদ বিভাগে প্রেরণ' কার্যক্রম পরিবর্তন করে 'মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ', ৬.২ ক্রমিকের 'এডিপি বাস্তবায়ন অগ্রগতি' কার্যক্রমের লক্ষ্যমাত্রা তৃতীয় প্রান্তিকে ৫% এর পরিবর্তে ৩% এবং চতুর্থ প্রান্তিকে ১০% এর পরিবর্তে ৫% পুন:নির্ধারণে যুগ্মপ্রধান প্রস্তাব করেন, ৯.২ ক্রমিকের 'সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং অধীন সংস্থার কর্মকর্তাদের সমন্বয়ে সুশাসন ও দুর্নীতি প্রতিরোধ বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা' এর লক্ষ্যমাত্রা চলতি প্রান্তিকে মার্চ মাসে উদ্ভুত সমস্যা উপস্থাপন করে ৪র্থ প্রান্তিকে অনুষ্ঠানের বিষয়ে আলোচনা হয়। এছাড়া ১০.২ ক্রমিকের 'আওতাধীন/অধস্তন কার্যালয়ে শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্ত ৩২১১১০১ কোডে অর্থ বরাদ্দ'-এর বিষয়ে আলোচনায় জানা যায়, অর্থ মন্ত্রণালয় এপ্রিল মাসে আইবাস-এ অন্তর্ভুক্ত করবে বিধায় লক্ষ্যমাত্রা ৩০.০৪.২০২০ এবং ১১.১ ক্রমিকের 'শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় অন্তর্ভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের আনুমানিক পরিমাণ' ৩য় ও ৪র্থ প্রান্তিকে খরচ কম হওয়ার সম্ভাবনা রয়েছে বিধায় লক্ষ্যমাত্রা ৩য় প্রান্তিকে ৪,০০,০০০/- এর পরিবর্তে ৫০,০০০/- করার বিষয়ে আলোচনা হয়। ডিটিসিএ'র ৯.২ ক্রমিকের 'সুশাসন ও দুর্নীতি প্রতিরোধ বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা' এর লক্ষ্যমাত্রা ৩য় প্রান্তিক হতে ৪র্থ প্রান্তিকে স্থানান্তরের বিষয়ে ডিটিসিএ কর্তৃক উপস্থাপন করা হয়। সড়ক ও জনপথ অধিদপ্তরের ৭.১ ক্রমিকের 'পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০১৯-২০ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ' কার্যক্রমের বরাদ্দ প্রাপ্তি বিলম্বিত হওয়ায় ৩১/১২/২০১৯ তারিখ পুনঃনির্ধারণ এবং ৯.১ ক্রমিকের 'গণশুনানী অনুষ্ঠান' কার্যক্রম বাস্তবায়নে বর্তমান স্বাস্থ্য ঝুঁকি প্রেক্ষাপট বিবেচনায় লক্ষ্যমাত্রা ২টির পরিবর্তে ১টিতে সীমাবদ্ধ থাকার বিষয়টি আলোচিত হয়। সভাপতি কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট হতে অনুরোধ করেন।

৪.০ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয় :

<u>সিদ্ধান্ত :</u>

(১) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার ৩.২ ক্রমিকের 'Highway Act (সংশোধন) ভেটিংয়ের জন্য লেজিসলেটিভ ও সংসদ বিভাগে প্রেরণ' কার্যক্রম পরিবর্তিত হয়ে 'Highway Act (সংশোধন) মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ' পুন:নির্ধারিত হবে;

(২) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ৬.২ ক্রমিকের 'এডিপি বাস্তবায়ন অগ্রগতি' কার্যক্রমে লক্ষ্যমাত্রা তৃতীয় প্রান্তিকে ৫% এর পরিবর্তে ৩% এবং চতুর্থ প্রান্তিকে ১০% এর পরিবর্তে ৫% পুন:নির্ধারিত হবে;

(৩) ৯.২ ক্রমিকের 'সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং অধীন সংস্থার কর্মকর্তাদের সমন্বয়ে সুশাসন ও দুর্নীতি প্রতিরোধ বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা' এর লক্ষ্যমাত্রা ৩য় প্রান্তিকের পরিবর্তে ৪র্থ প্রান্তিকে অনুষ্ঠানের আয়োজন লক্ষ্যমাত্রা পুন:নির্ধারিত হবে;

চলমান পাতা-২

(৪) ৯.১ ক্রমিকের 'গণশুনানী অনুষ্ঠান' কার্যক্রমের লক্ষ্যমাত্রা ২টির পরিবর্তে ১টি পুন:নির্ধারিত হবে;

(৫) ১০.২ ক্রমিকের 'আওতাধীন/অধস্তন কার্যালয়ে শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্ত ৩২১১১০১ কোডে অর্থ বরাদ্দ'-এর লক্ষ্যমাত্রা ৩০.১২.১৯ এর পরিবর্তে লক্ষ্যামাত্রা ৩০.০৪.২০২০ করতে হবে;

(৬) ১১.১ ক্রমিকের 'শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় অর্ন্তভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের আনুমানিক পরিমাণ' ৩য় প্রান্তিকে ৪,০০,০০০/- এর পরিবর্তে ৫০,০০০/- পুন:নির্ধারিত হবে;

(৭) ডিটিসিএ'র ৯.২ ক্রমিকের 'সুশাসন ও দুর্নীতি প্রতিরোধ বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা' এর লক্ষ্যমাত্রা ৩য় প্রান্তিক এর পরিবর্তে ৪র্থ প্রান্তিক পুন:নির্ধারিত হবে;

(৮) সড়ক ও জনপথ অধিদপ্তরের ৭.১ ক্রমিকের 'পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০১৯-২০ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ' কার্যক্রম ৩১/১২/২০১৯ পুনঃনির্ধারিত হবে;

(৯) NIS কর্ম-পরিকল্পনাভুক্ত দ্বিতীয় প্রান্তিকের যেসব ক্ষেত্রে লক্ষ্যমাত্রা অর্জন এখানো পিছিয়ে আছে সেসকল কার্যক্রমের লক্ষ্যমাত্রা বাস্তবায়ন নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে;

(১০) NIS কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রান্তিক প্রতিবেদনের সাথে কার্যক্রমসমূহ লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জনের স্বপক্ষে প্রমাণকসহ নির্ধারিত সময়ে অগ্রগতির প্রতিবেদন প্রেরণ করতে হবে।

৫.০ আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২২/৩/২০২০
(মোঃ নজরুল ইসলাম)
সচিব

স্মারক নং-৩৫.০০.০০০০.০১৫.০৬.০১১.১৯-১৭৭ তারিখ : ০৮ চৈত্র, ১৪২৬ / ২২ মার্চ, ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
০৩। নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, নগর ভবন, ঢাকা
০৪। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি), পরিবহন ভবন, মতিঝিল, ঢাকা
০৫। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), বনানী, ঢাকা
০৬। অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৭। প্রকল্প পরিচালক, ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬), প্রবাসী কল্যাণ ভবন, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা
০৮। যুগ্মসচিব (সকল)/যুগ্মপ্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৯। উপসচিব (বাজেট/অডিট/সওজ গেজেটেড সংস্থাপন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):

০১। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৩। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েব সাইটের শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশের অনুরোধসহ)
০৪। অফিস কপি/মাস্টার কপি।

২২/০৬/২০২০

দীপঙ্কর মন্ডল
উপসচিব
ফোন : ৯৫১৪০৭৫
E-mail: dsmaintenance@rthd.gov.bd